

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৩১৩৭  
আগরতলা, ৮ অক্টোবর, ২০২৫

**মুখ্যমন্ত্রীর উপস্থিতিতে মাতা ত্রিপুরাসুন্দরী মন্দির ট্রাস্টের বৈঠক অনুষ্ঠিত**

গোমতী জেলার জেলাশাসকের কনফারেন্স হলে মাতা ত্রিপুরাসুন্দরী মন্দির ট্রাস্টের সপ্তম বৈঠক আজ অনুষ্ঠিত হয়। বৈঠকে সভাপতিত্ব করেন ট্রাস্টের চেয়ারম্যান তথা মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা। মাতাবাড়ি মন্দির প্রাঙ্গণের উন্নয়ন, সংস্কার এবং রক্ষনাবেক্ষণ সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে বৈঠকে বিস্তারিত আলোচনা হয়। মুখ্যমন্ত্রী মন্দির এলাকার সামগ্রিক উন্নয়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের ওপর গুরুত্ব আরোপ করেন। এছাড়া, আসন্ন দীপাবলি মেলাকে সফল ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে বিভিন্ন প্রস্তুতি এবং সমন্বয়মূলক কার্যক্রম নিয়েও আলোচনা অনুষ্ঠিত হয়। বৈঠকে উপস্থিত ছিলেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়, গোমতী জেলা পরিষদের সভাপতি দেবল দেবরায়, বিধায়ক অভিষেক দেবরায়, বিধায়ক জিতেন্দ্র মজুমদার, উদয়পুর পুর পরিষদের চেয়ারপার্সন শীতল চন্দ্র মজুমদার, মুখ্যসচিব জে. কে. সিনহা, রাজস্ব সচিব বিজেশ পাণ্ডে, পর্যটন দপ্তরের সচিব উত্তম কুমার চাকমা, অতিরিক্ত জেলা শাসক জয়ন্ত চক্রবর্তী সহ অন্যান্য কর্মকর্তাগণ।

\*\*\*\*\*